# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 16-10-2025** **Time: 1.40 P.M.**

এ বছরের জুন থেকে সেপ্টেম্বরের মধ্যে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর ভোটার তালিকা থেকে শতাধিক বাংলাদেশী নাগরিকের নাম বাদ দিয়েছে। রাজ্যের ১০টি জেলায় মোট ১১২ জম বাংলাদেশী নাগরিককে প্রাথমিকভাবে বিদেশী আঞ্চলিক নিবন্ধন অফিস (এফআরআরও) শনাক্ত করেছে। ৭৫০ জনেরও বেশি সন্দেহভাজনকে নিয়ে  তদন্ত এখনও চলছে। বাংলাদেশী নাগরিকদের মধ্যে ভারতীয় ভোটার কার্ডের উপস্থিতি নির্বাচন কমিশনের কাছে উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। জানা গেছে, কলকাতা, মুম্বাই এবং দিল্লীর বিমানবন্দরে ইমিগ্রেশনের সময় এই ঘটনাগুলি প্রকাশ্যে আসে। কিছু বাংলাদেশী নাগরিকের কাছে বাংলাদেশী পাসপোর্টের পাশাপাশি ভারতীয় ভোটার কার্ডও পাওয়া গিয়েছে। পরে তাঁদের জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়।

যে ১০টি জেলা থেকে এই ধরণের ঘটনা ঘটেছে সেগুলি হল উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া, হুগলি, পূর্ব বর্ধমান, পূর্ব মেদিনীপুর, মুর্শিদাবাদ, মালদা, উত্তর দিনাজপুর এবং কোচবিহার।

---------------------

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআরের  অঙ্গ হিসেবে পুরোনো তালিকার তথ্য মিলিয়ে দেখা বা ম্যাপিং এর মাধ্যমে প্রায় সাড়ে তিন কোটি

ভোটারের মিল পাওয়া গেছে। ফলে এসআইআরের সময় ম্যাপিং'-এ মিল থাকা ভোটারদের নতুন করে নথিপত্র, প্রমাণ বা যাচাইয়ের প্রয়োজন হবে না। এসআইআরের প্রস্তুতি হিসাবে রাজ্যে ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে সর্বশেষ প্রকাশিত তালিকা মিলিয়ে দেখা বা ম্যাপিং এর কাজ শেষ পর্যায়ে রয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত দার্জিলিং এবং জলপাইগুড়ি বাদে বাকি সব জেলাতেই এই ম্যাপিং-এর কাজ প্রায় একশো শতাংশ সম্পন্ন। বাকি জেলাগুলির ম্যাপিং এর কাজ আজকের মধ্যে শেষ করে এসংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট পোর্টালে আপলোড করার কথা।

---------------------

মুর্শিদাবাদের লালগোলায় অনুপ্রবেশের অভিযোগে চার বাংলাদেশি গ্রেপ্তার করেছে পুলিশ। তাদের সহায়তা করার জন্য গ্রেপ্তার হয়েছে এক ভারতীয়ও। ধৃত মহম্মদ রফিক, মহম্মদ আলামিন, জাহাঙ্গীর শেখ ও রাহুল শেখের কাছে এদেশে প্রবেশের কোনো বৈধ নথি না থাকায় তাদের গ্রেপ্তার করা হয়।

---------------------

উত্তরবঙ্গ সফরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এখন দার্জিলিঙে। আজ সকালে তিনি দার্জিলিং এর মহাকাল মন্দিরে পুজো দেন।

---------------------

খাদ্য সাথী প্রকল্পে রাজ্যের মানুষদের খাদ্য সুরক্ষা সুনিশ্চিত করতে রাজ্য সরকার চলতি বছরে সাড়ে ষোলো লক্ষ কৃষকের কাছ থেকে সহায়ক মূল্যে রেকর্ড পরিমাণ ৫৬ লক্ষ ৩৩ হাজার মেট্রিক টন ধান কিনেছে। বিশ্ব খাদ্য দিবস উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এক্স হ্যান্ডেলে এই কথা জানিয়ে দেন। পাশাপাশি পাঁচ টাকায় দুপুরের

খাবার দিতে রাজ্যের ৩৫৬ টি মা ক্যান্টিন থেকে ৮ কোটি ৫৮ লক্ষ দরিদ্র মানুষ উপকৃত হয়েছেন বলে উল্লেখ করেছেন। এছাড়াও রাজ্যের সাড়ে সাত কোটি মানুষ প্রতিমাসে দুয়ারে রেশনের মাধ্যমে বাড়ির কাছ থেকে বিনামূল্যে রেশন সামগ্রী পাচ্ছেন বলেও তিনি উল্লেখ করেন। টোটো জনজাতি, চা বাগানের শ্রমিক, আয়লায় ক্ষতিগ্রস্ত মানুষ জন সহ জঙ্গলমহলের প্রায় ৫৪ লক্ষ মানুষদেরও প্রতিমাসে বিশেষ প্যাকেজে খাদ্য সামগ্রী দেওয়ার কথাও তিনি উল্লেখ করেছেন।

---------------------

বৃষ্টিধ্বসে ক্ষতিগ্রস্ত পাহাড়ে স্থায়ী সমাধানের আশ্বাস দিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বৃহস্পতিবার জলপাইগুড়ি জেলায় এক কর্মসূচিতে যোগ দিতে গিয়ে বাগডোগরা বিমানবন্দরে  তিনি জানান,পাহাড়ে যে পরিমাণ ক্ষয়ক্ষতি হয়েছে,রাজ্য সরকারের দেওয়া আর্থিক সাহায্য তা মোকাবিলার জন্য যথেষ্ট নয়। প্রতিটি ক্ষতিগ্রস্ত পরিবারকে কমপক্ষে ৫ লক্ষ টাকা করে বাড়ি তৈরির জন্য অনুদান দেওয়া উচিত বলে বিরোধী দলনেতার মত। তিনি ক্ষতিগ্রস্তদের জন্য বিকল্প জমির ব্যবস্থা করে পুনর্বাসনের উদ্যোগ নেওয়ার কথা বলেন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মিরিক সফর নিয়েও কটাক্ষ করে শুভেন্দু অধিকারী বলেন, মুখ্যমন্ত্রীর রাস্তা পরিদর্শনের সময় রাস্তায় সাধারণ মানুষ ছিলেন না।

---------------------

ইডি বালিপাচার কান্ড কলকাতায় বেন্টিক ষ্ট্রীটে একরাজ কুমার আগরওয়াল চার্টার্ড একাউটেন্টের অফিসে সকাল দশটার পর থেকে জেরা ও তল্লাশী চলছে। এছাড়া, গোপীবল্লভপুরে , অরুন সেরাফের অপিসে, এছাড়া লালগড়ে সৌরভ রায়ের খাদানে, ও গোপি বল্লভপুরে খাদানে তল্লাশী চলছে।

আসানসোলের মুরগাশোল এলাকায় বালি ব্যবসায়ী মণীশ বাগারিয়ার বাড়ি এবং ঝাড়গ্রামের লালগড় ও গোপীবল্লভপুরে চলছে অভিযান। সঙ্গে আছে কেন্দ্রীয় বাহিনী।

---------------------

মুর্শিদাবাদের সুতির লক্ষ্মীপুর পঞ্চায়েত এলাকায় ছ'বছরের এক শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগে এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল তাকে জঙ্গিপুর মহকুমা আদালতে তোলা হলে সাতদিনের পুলিশ হেফাজত হয়েছে। ধৃত সাহেব শেখ এলাকারই বাসিন্দা। সে নেশায় আসক্ত বলে স্থানীয়রা জানিয়েছেন।

---------------------

উত্তর ২৪ পরগনার গোবরডাঙা থানার চ্যাটার্জি পাড়া এলাকায় এক ব্যক্তির রক্তাক্ত মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে স্থানীয় বাসিন্দাদের মধ্যে।মৃত ব্যক্তির নাম অরূপ দাস , তিনি গোবরডাঙার কুণ্ডপুকুর এলাকার বাসিন্দা।সুপারি পাড়ার সময় গাছ থেকে পড়ে গিয়ে তাঁর মৃত্যু হয়েছে কিনা সেবিষয়ে সংশয় দেখা দেওয়ায় পুলিশ ঘটনার তদন্ত করছে।

---------------------

নিমতলা ঘাটে ঢালে দাঁড়ানো একটি গাড়ি আজ ভোরে হঠাৎ ই গঙ্গায় ভেসে যায়। পুলিশ জানিয়েছে গাড়ীর চালক সেসময় গাড়িতে ছিলেন না। ঘটনায় বাইরে থাকা তিনজন আহত হয়েছেন। আহতদের কলকাতা মেডিকেল কলেজে নিয়ে গেলে , একজনকে চিকিৎসা করে ছেড়ে দেওয়া হয়। বাকি দুজনের চিকিৎসা চলছে। গাড়িটি জলে ডুবে গেছে বলে পুলিশ জানিয়েছে। ক্রেন এনে গাড়িটি তোলার চেষ্টা চলছে।

--------------------- ---------------------